

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৪২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. দ্বিতীয় অনুচ্ছেদ - দু' ঈদের সালাত

আরবী

وَعَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ مُرْسَلًا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ كَبَّرُوا فِي الْعِيدَيْنِ وَالِاسْتِسْقَاءِ سَبْعًا وَخَمْسًا وَصَلَّوْا قبل الْخطْبَة وجهروا بِالْقِرَاءَةِ. رَوَاهُ الشَّافِعِي

বাংলা

১৪৪২-[১৭] জা'ফার সাদিক ইবনু মুহাম্মাদ (রহঃ) মুরসাল হিসেবে এ হাদীসটি বর্ণনা করেছেন। তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবৃ বকর, 'উমার (রাঃ) দু' ঈদে ও ইসতিসকার সালাতে সাতবার ও পাঁচবার করে তাকবীর বলেছেন। তাঁরা সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন খুতবার পূর্বে। সালাতে কিরাআত (কিরআত) পড়েছেন উচ্চস্বরে। (শাফি'ঈ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : মুসনাদ আশ্ শাফি'ঈ ৪৫৭। কারণ এর সানাদে রাবী ইব্রাহীম বিন মুহাম্মাদ যার প্রকৃত নাম ইবনু আবী ইয়াহ্ইয়া আল আসলামী তিনি একজন মিথ্যার অফিযোগে অভিযুক্ত রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَجَهَرُوْا بِالْقِرَاءَةِ) তারা সশব্দে কিরাআত (কিরআত) পাঠ করেছেন। এ ব্যাপারে সবাই ঐকমত্য হয়েছেন এবং আহলে 'ইলমদের মাঝে কোন মতানৈক্য নেই যে, ঈদের সালাতের কিরাআত (কিরআত) সশব্দে তথা বড় আওয়াজ করে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন